

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-৩ অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নং-৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৭.১৮-৪০২

তারিখঃ ২০ কার্তিক ১৪২৫
০৪ নভেম্বর ২০১৮

অফিস আদেশ

ইনস্টিটিউট অব লাইভস্টক সাইন্স এন্ড টেকনোলজি স্থাপন (ILST) প্রকল্পের প্রকল্প পরিচালক কর্তৃক ১১/০৭/২০১৮ তারিখের ৪৭৮ নং স্মারকোস্থ পত্রে ই-জিপিতে আহ্বানকৃত টেন্ডার প্রক্রিয়ায় PE একাউন্টে একাধিক অযাচিত লগ-ইন সংক্রান্ত অভিযোগের প্রেক্ষিতে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক গঠিত ০৩ সদস্য বিশিষ্ট কমিটির তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ সোহরাব হোসেন, প্রাক্তন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা ও বর্তমানে- সম্প্রসারণ কর্মকর্তা, কৃত্রিম প্রজনন ও ঘাস উৎপাদন, প্রাণিসম্পদ গবেষণাগার, সাভার, ঢাকাকে সন্দেহভাজন অভিযুক্ত হিসেবে চিহ্নিত করা হয়। উক্ত অযাচিত লগ-ইন ঘটনায় জনাব মোঃ সোহরাব হোসেনের সম্পৃক্ততার বিষয়ে সম্পূর্ণরূপে নিশ্চিত হওয়া এবং এ ঘটনার নেপথ্যে জড়িতদের খুঁজে বের করার নিমিত্ত নির্দেশক্রমে নিম্নরূপ কমিটি গঠন করা হলোঃ


- | | | |
|-----|---|------------|
| (১) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১) | আহ্বায়ক |
| (২) | প্রাণিসম্পদ অধিদপ্তরের একজন প্রতিনিধি | সদস্য |
| (৩) | পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (CPTU) এর একজন প্রতিনিধি | সদস্য |
| (৪) | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| (৫) | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট | সদস্য সচিব |

২। কমিটির কার্যপরিধিঃ-

(ক) গঠিত কমিটি উল্লিখিত বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদপ্তরের সাথে সমন্বয়পূর্বক তদন্ত কার্যক্রম পরিচালনা করবেন।

(খ) উক্ত কমিটি আগামী ০১ (এক) মাসের মধ্যে সুনির্দিষ্ট মতামত/সুপারিশসহ প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

সংযুক্তঃ বর্ণনামতে ৪৩ (তেতাল্লিশ) পাতা।


আবদুল্লাহ আল জাকী
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬১১১৭

[e-mail:livestock-3@mofl.gov.bd](mailto:livestock-3@mofl.gov.bd)

স্মারক নং-৩৩.০০.০০০০.১১৯.২৭.০০৭.১৮-৪০২/১(১০)

তারিখঃ ২০ কার্তিক ১৪২৫
০৪ নভেম্বর ২০১৮

অনুলিপি, অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ই-১৪/এক্স, আইসিটি টাওয়ার, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সিস্টেম এনালিস্ট অথবা যেকোন একজন আইটি এক্সপার্ট মনোনয়নপূর্বক মন্ত্রণালয়কে অবহিতকরণের অনুরোধসহ)।
২. মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (CPTU), বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, CPTU ভবন, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সিস্টেম এনালিস্ট অথবা যেকোন একজন আইটি এক্সপার্ট মনোনয়নপূর্বক মন্ত্রণালয়কে অবহিতকরণের অনুরোধসহ)।
৩. মহাপরিচালক (অঃদাঃ), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (পরিচালক/উপপরিচালক পর্যায়ের একজন কর্মকর্তাকে মনোনয়নপূর্বক মন্ত্রণালয়কে অবহিতকরণের অনুরোধসহ)।
৪. জনাব এ কে এম মুনিরুল হক, যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জনাব মোঃ ইলিয়াস হোসেন, সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (পাস-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা মহোদয়।